ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৮৫৩

জিরানীয়া, ১৫ সেপ্টেম্বর, ২০২৫

**জিরানীয়া মহকুমায় ১৯ জন কৃষকের মধ্যে শূকর ছানা বিতরণ**

'ন্যাশনাল মিশন অন এডিবল ওয়েল-পাম' ওয়েল প্রকল্পে সম্প্রতি জিরানীয়া কৃষি মহকুমায় ১৯ জন কৃষককে শূকর ছানা দেওয়া হয়। এরমধ্যে উত্তর জয়নগর পঞ্চায়েতের ৭ জন, পূর্ব দেবেন্দ্রনগর পঞ্চায়েতে ৯ জন, মধ্য দেবেন্দ্রনগর পঞ্চায়েতে ১ জন এবং পশ্চিম দেবেন্দ্রনগর পঞ্চায়েতে ২ জন কৃষক উপকৃত হয়েছেন। শূকর ছানা বিতরণে ব্যয় হয়েছে ২ লক্ষ ৩০ হাজার টাকা। কৃষকদের স্বনির্ভর করার লক্ষ্যে এই উদ্যোগ নেওয়া হয়েছে বলে জিরানীয়া কৃষি মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক সোমেন কুমার দাস জানিয়েছেন।

******